Poet-Poetry

Translated by R.Amin

Poet-Poetry

Translated by R.Amin

Poet-Poetry

Translated by R.Amin

Published by

Amazon.com Inc.,
410 Terry Avenue North, Seattle, WA
98109, USA,
http://www.amazon.com

Published

August'2021

Price

USD 10 only

Copy Right

R. Amin

Poet-Poetry by R.Amin
Published by Amazon.com Inc., USA in August, 2021
Price: USD 10 Only
ISBN : 9781879654724

Abul Kalam Azad – 6
Jahangir Firoz – 8
Kazi Mira – 10
Kazi Shamim Mahmud – 12
Khalid Sunto – 14
Mahabub Chanchal – 16
Matior Rahman – 18
Mohammad Ali Akand – 20
Nusrat Jahan – 22
Rawshan Rubi – 24
Ripon Mahmud – 26
Sabila Rawshan – 28
Shahana Mahbub – 30
Shams E Elahi – 32
Syed Ahsan Kabir – 34

<u>আবুল কালাম আজাদ</u>

জগতের রূপ

ক্যাফেটিরিয়ায় ধূমায়িত কফি
আড্ডায় জমে কথা
বন্ধু নিয়ে পথ চলবার
যেথায় যথাতথা।
হঠাৎ সামনে মায়াবী চোখের
লাজুক গ্রাম্য মেয়ে
জগতের রূপ আসমান থেকে
নেমে আসে-দেখি চেয়ে।
ফসলের জমি পিতৃভূমি
শ্যামলে মুগ্ধ মন
মায়ের মুখে ঘুমপাড়ানিয়া
গল্প সাতকাহন।
বাঁচি ও বাঁচাই স্বপ্ন সাজাই
এ জগত মধুময়
মরবো জেনেও এখানেই প্রেম
অঙ্কুরিত নির্ভয়।

Abul Kalam Azad

The form of the world

Smoked coffee in the cafeteria
Talking in the chat
Walking the path with friends
Where exactly.
Suddenly in front
A shy rural girl with magician eyes
Beauty of the world
Comes down from sky - let's see.
Crop land is the fatherland
The mind is fascinated by the green
Sleeping story Satkahan on mother's lips.
Decorate the dream of living and saving
This world is honeyed
Knowing that I will die, love is here
Sprouted fearless.

<u>জাহাঙ্গীর ফিরোজ</u>
শ্রাবণ সন্ধ্যায়

সমুদ্রের গর্জন তুমি সেলফোনে পাঠাতে চেয়েছ
এমন শ্রাবণ ঘন বর্ষায়
তোমার সেলের রিং, তোমার মোহন কণ্ঠের ধ্বনি
ভেসে আসবে ভেসে আসবে ভেবে
ঘুমহীন সারারাত অপেক্ষায় কেটেছে।
তুমি জলপরী, চন্দ্রালোকে সারারাত
ঢেউয়ে ঢেউয়ে জলকেলি সেরেছো খেয়ালে।
উজানে নদীর পাড়ে বটের ছায়ায়
যে প্রেমিক সারাটা বিকেল কাটিয়েছে
একটি মুখের মায়াময় ছবি বুকে নিয়ে
এই শ্রাবণ সন্ধ্যায়
সাগরের তীর থেকে যে বাতাস বয়ে এলো উত্তরে
তার সাথে তোমার শরীর থেকে নিয়ে আসা ঘ্রাণ
বাতাস মন্থন করে কিন্নরী কণ্ঠের জাদু
শঙ্খে লুকিয়ে রাখা সমুদ্রের গান
শুনেছে সে একা একা।
আজ এই চাঁদহীন রাতের আঁধারে
বিষন্ন বেলকনি,ততোধিক একা অন্ধকারে ডুবে
শুধুই তোমার মুখচ্ছবি
শুধুই তোমার চোখে
শুধুই তোমার শরীরে
কথা ছিল সমুদ্রের গান তুমি শোনাবে আমাকে
এমন শ্রাবণ সন্ধ্যায়।

<u>Jahangir Firoz</u>

Rainy evening

You want to send
The roar of the sea to your cell phone
Such in heavy rains
The ring of your cell,
The sound of your charming voice
Thinking it will float it will float
Waiting whole night with sleepless.
You're a mermaid, all night at moonlight
You have done water sports at will
Wave by wave.
Upstream on the banks of the river
In the shade of a banian
That boyfriend spent the whole afternoon
An enchanted picture of a face with the chest
This rainy evening
The wind that blew from the shore
Of the sea to the north
The scent that comes from your body with it
The magic of heaven singer churning the wind
The song of the sea hidden in the conch
He heard alone.
In the darkness of this moonless night today
The gloomy balcony,
Plunged into darkness the more alone it
Only your face
Only in your eyes
Only in your body
It was said that
You will hear me the song of the sea
Such rainy evening.

<u>কাজী মিরা</u>

আশাগুলো মরে যায়
সুখগুলো হারিয়ে যায়
কষ্টগুলো ভোলা যায় না ।

অক্ষরগুলো ঝাপসা হয়
সুরগুলো থেমে যায়
কথাগুলো বলা হয় না ।

শব্দগুলো নীরব হয়
আলোগুলো নিভে যায়
দুঃখগুলো চলে যায় না ।

লজ্জাগুলো আহত হয়
ঘৃণাগুলো নিস্তেজ হয়
অভিমানগুলো শেষ হয় না ।

Kazi Mira

Hopes die
Happiness is lost
Pains cannot be forgotten.

Letters are blurred
Melodies are stopped
Words are not spoken.

Sounds are silent
Lights go out
Sorrows do not go away.

Shames are wounded
Hates are dull
Huff does not end.

কাজী শামীম মাহমুদ
কথাদেবী

শেষলগ্নে দাড়িয়ে
জীবন যৌবনের সন্ধিক্ষণে
নীলগিরির নীলিমায় –
আহ্বান করি কথাদেবীর
চঞ্চলার ব্যাকুল হৃদয়ে।
চোখ কথা বলে-কথার ছলে
শর্শীঘাটের দীপালী ঊর্মিতে।
অবুঝ হৃদয়-রক্তাক্ত
হয়ে উঠে- দেবার হাতছানিতে।
ঢের বছর পেরিয়ে-হৃদয়
আজ পাপিষ্ঠ আত্মার দখলে,
দিপালী দীঘিতে সাঁতার কাটি
পাপিষ্ঠ আত্মার মুক্তির দাবিতে
রাজবাড়ী লাল হয়ে উঠে
দিপালী ছন্দের মাধুলিয়ায়
ইন্দ্রোপুরে নীলললনা-
বাসর সাঁজায়-কথাদেবীর
হৃদয়ের রাজমহলে।

Kazi Shamim Mahmud

Kotha Devi

Standing at the end
Crossroads of life and youth
At the Nilgiri's sky -
Calling Kotha Devi's
Desperate heart of agile.
Eyes speak- juggle of words
Light wave of Sharshighat.
Stupid heart-became gory
-In the hands of the giver.
Many years have passed-
Heart is occupied by sinful soul today,
Swimming in lake of light
Escaping from sinful souls
The palace turned red
Light rhythm as Madhulia
Love lady at Indrapur -
Decorate wedding-Kothadevi
In the palace of Kotha Devi's heart.

খালিদ শান্ত
প্রতিদানহীন ভালোবাসা

প্রিয়তমা আমার!
চলে যাবো আমি
থাক পড়ে থাক
নিশিতে সজল চোখের ডাক
এতটুকু অভিযোগ নেই বুকে
যাবার বেলায় একফোঁটা জল-
শুধুই ফেলিও

নয়নে বিলীন ঝর্ণা হোক
প্রিয়তমা আমার!
চলে যাবো আমি,
মনে মনে ডেকে যাবো তোমায়
বাতাসের কানে শুনিও
আমার বুকের প্রতিটি ইটে না হয়
সুখের বাসর তুমি সাজিও
একবারও বলবো না বিদ্রোহী
চোখে
পিছনে ফিরে আমায় দেখিও
যাবার বেলায় একফোঁটা জল---
শুধুই ফেলিও

প্রিয়তমা আমার!
চলে যাবো আমি,
খুলিয়াছে তোমার নব বসন্তের দ্বার
ছেড়ে দিয়ে প্রেমের প্রথম বাঁধন
তাহারে করে নাও আপন
বুকের সবটুকু ভালোবাসায়
যতনে তারে রাখিও
একাকিত্মের অবসরে
জোৎস্না ভেজা সন্ধ্যায়
আমার কথা নাইবা তুমি ভাবিও
যাবার বেলায় একফোঁটা জল---
শুধুই ফেলিও।।

Khalid Sunto

Unrequited love

My darling!
I will leave
Stay lie down
Call of tears eyes at night
There are no so many allegations in the heart
Just throw a drop of tears away
During farewell

Let there be a lot of tears in your eyes
My darling!
I will leave,
I will call you in my mind
Listen to in ear of the wind
Not every brick in my heart
You will decorate a happy weeding
Don't ever say in the rebel eyes
Look back at me
Just throw a drop of tears away
During farewell

My darling!
I will leave,
Your new spring door has been opened
Leaving the first bond of love
Make it yours
In all love of heart
Keep it in care
In leisure of solitude
At moonlit wet evening
Don't think about me
Just throw a drop of tears away
During farewell.

<u>মাহাবুব চঞ্চল</u>
কেউ বলেনি

কেউ বলেনি -
কেমন করে বেঁচে আছিস, জীবন নদের খেয়া মাঝি
কেমন করে হাসতে ভুলে গেছিস, হৃদয় খুড়ে সাঝের বাঁশী
কেমন করে স্বপ্ন আশা জ্বালয়েছিস, সাধ সাধনায় কবর ফাঁসি
কেমন করে অনুভূতিকে হত্যা করেছিস, ভাবলেশহীন সাধু সন্নেসী।
কেউ বোঝেনি -
কেমন করে কারে কেন খুঁজেছি, ঘোলা চোখে দীর্ঘশ্বাসী
কেমন করে দুঃখ গেঁথেছি, ঠোঁটের কোনে ঝুলিয়ে হাসি
কেমন করে দ্রোহের আগুনে পুড়েছি, ভালোবাসার সর্বনাশী
কেমন করে শান্তনা খুঁজেছি, কোলাহল ব্যস্ততায় দিবানিশি
কেউ বলেনি
কেন আমার মনের ঘরে মন থাকেনা
কেন আমার সকাল সন্ধ্যা দুপুর হয় না
কেন আমার অচিন পথে বিজন মেলা
কেন আমার মিলন নদে কালবেলা
কেউ বলেনি
ভালো নেই, মিছে কেন ভালো থাকার জাল বোনা
ভালো আছি ভালো আছি বললেই ভালো থাকে যায় না
ভালো থাকার মিথ্যে অভিনয় আর না
বেঁচে থাকার নাম, ভালো থাকা না
কেউ বলেনি
ক্লান্ত পথিক, বারেক ফিরে তাকা
তুই আমার চোখের তাঁরা ।

Mahabub Chanchal

No one said

No one said -
How are you surviving, life ferry boatman
How you forgot to smile, the flute of the evening digging the heart
How you have ignited dreams and hopes, hanging graves in pursuit of desire
How did you kill the feelings,
The inexpressive saint monk.
No one understands -
How whom why did I find, sigh with Blurred eyes
How sad I am, smile hanging in the corner of the lips
How I have burned in the fire of betrayal, the destroyer of love
How did I find peace, day night in the hustle and bustle
No one said
Why don't I have mind in my mind
Why isn't my morning evening noon
Why alone fair in my unknown way
Why evil time in my reunion
No one said
Not good, why lie to weave the net of good living
Can't be fine though I say I'm fine, I'm fine
No more pretending to be fine
The name of survival, not good living
No one said
Tired traveler, once look back
You are the star in my eyes.

মতিয়ুর রহমান

কোনো এক সন্ধ্যায়
মেঘের বিচিত্র সৌন্দর্য,
আড়ালে নতুন এক ফালি চাঁদ
তার অদূরেই একটি নক্ষত্র।
উত্তর-পূর্ব আকাশে,
ঘনঘন বিজলীর আলো
ধীরেধীরে সন্ধ্যা আসে।
আমি ঘাসবারান্দায় বসে,
হৃদয়ের ব্যথা মিশিয়ে দিচ্ছি
ইথারে, বিশাল আকাশে।
ক্লান্ত পাখিরা নীড়ে ফিরে,
বাঁদুরের শব্দতরঙ্গ,ডানা ঝাপটানি
দেয়ালের কার্নিশে একাকী কাক, আহারে!
সবুজ ঘাসগুলো আমায় বুঝে,
বুকের পাঁজর ভাঙার রঙে
সন্ধ্যামালতী জেগে উঠেছে।
বৃষ্টিতে তুলশীর মৃত ডালেও
পাতা গজায় ও সজীব ছড়ায়
আচ্ছা মানুষের মতো, সবুজ
ঘাসেরও কি রক্তক্ষরণ হয় ?
ইচ্ছে হয়,পাখি হয়ে উড়ি
হারিয়ে যাই,আকাশে মেঘের সাথে।
যা হারিয়েছে,তা ফেরাবোর নয়,
কেন তাহারে মিছেমিছি কাছে চাও।

Matior Rahman

One evening
Diverse beauty of cloud,
A new slice of the moon behind
Near it is a star.
In the northeast sky,
Frequent electric light
Evening comes slowly.
Sitting on the grass porch,
I'm mixing heart pain
In the ether, in the vast sky.
The weary birds return,
Bat's sound waves, fluttering wings
Lonely crow on the cornice of the wall, Oh!
The green grasses understands me,
In the color of breaking
The ribs of the chest
Marvel of Peru has woken up.
Even on the dead branches of Basil
In the rain
The leaves grow and spread smell
Well, is green grass
Also bleeding like men?
I wish, fly like a bird
Get lost, with clouds in the sky.
What is lost is not to be returned,
Why do you want it as wastfull ?

মুহাম্মাদ আলী আকন্দ
একদিন এক

একদিন এক গোঁধূলী বেলায়
আমিও বসবো পা ভিজিয়ে ময়ুঁরাক্ষীর জলে
নিঃরবে নির্জনে তোমার পাশে,
বয়ে চলা স্রোত থেমে যাবে অকস্মাৎ
ডুঁবু ডুঁবু বেলা আরেকটু সময় নেবে
তুমি শেষ আলোয় হয়ে উঠবে অপরূপ চাঁদ,
আমি স্থবির দৃষ্টিতে তোমায় দেখবো।
একদিন এক স্নিগ্ধ ভোরের আলোয়
আমিও হেটে যাবো অনেকটা পথ পাশাপাশি
তোমার অস্পর্শিত হাত ধরে,
ঘুমভাঙ্গা পাখিরা গেয়ে উঠবে গান সমস্বরে
উঠি উঠি সূর্য থেমে যাবে আবার
তুমি হয়ে উঠবে সুবাসিত হাসনা হেনা,
আমি হৃৎপিন্ডে ধারন করবো তোমারই সুবাস।
একদিন এক ভরা পূর্ণিমার রাতে
মুখোমুখী বসে আকাশের বুকে একে দেবো
ভালবাসার অনবদ্য সব চিত্র,
চন্দ্র তোমায় ধুয়ে দেবে অপার জোঁসনায়
তাঁরারা সকল প্রজ্জলিত হবে অধিক আলোয়
সে আলোয় তুমি হবে দ্যুতিময় অপ্সরা,
আমি অর্ঘ্য হয়ে নিজেই সমর্পিত হবো তোমাতে।

<u>Mohammad Ali Akand</u>

One day

One day at dusk
I will also sit to soak my feet in
Peacock water
Near you in silently in solitude,
Flowing efflux will be stopped suddenly
Drowning time will take a little more
You will become a beautiful moon
In the last light,
I will see you in stagnant eyes.
One day in the light of a smooth dawn
I will also walk a lot along the way
Holding your untouched hand,
Sleepless birds will sing in unison
Rising sun will stop rise again
You will become a fragrant lady
Of the night,
I will hold your fragrance in my heart.
In one full moonlit night
Sitting face to face will draw
Impeccable all images of love on the sky,
The moon will wash you
With immense moonlight
All stars will be lighted in more light
You will be a bright fairy of
Heaven in that light,
I will surrender myself to you as an oblation.

<u>নুসরাত জাহান</u>
নির্ঘুম রাত

কত কত রাত কেটে গেছে
তোমার ঘুমন্ত চোখের দিকে তাকিয়ে।
এতগুলো মুহূর্ত… কতগুলো মুহূর্ত!
মাঝে মাঝে জোছনার আলোয় যখন
পৃথিবীর পথ-ঘাট ভিজে যায়,
ঘুমেরা উড়ে যায় দিগন্তের দিকে।
কারো ঘুম ফেরে, আর কারোটা না।
পাশাপাশি বালিশে থেকেও
ঘুম ভাগাভাগি করা হলো না আমাদের।
তোমার চোখের পাতায় রাজ্যের ঘুম নিয়ে
আমার নির্ঘুম রাত বসবাস করে।

<u>Nusrat Jahan</u>

Sleepless night

How many nights have passed
Looking into your sleeping eyes.
So many moments... how many moments!
When the roads of the earth get wet
Sometimes in the light of moon,
Sleepers fly towards the horizon.
Someone wakes up, and no one else.
As well as from the pillow
We did not share sleep.
Living my sleepless nights
With the sleep of the kingdom in your eyelids.

<u>রওশন রুবী</u>

বাঁক

তুমি তার কথা বলো না।
তার পদচ্ছাপ মুছে দিয়েছে আবাল নাবিক,
শুয়োর আর কুকুর শাবকগুলো
ম্যাড়মেড়ে হাসে, তাঁবুর মধ্যে জ্বালিয়ে দেয়
লজ্জাবতী রোদ্দুর।
তুমি পিছল পথের বাহু ছুঁয়ে ছুঁয়ে
নেমে যাও চারুকলার ক্যানভাসে
ফ্লোরের রেখায় রেখায় তুলিতে তুলিতে
ক্রিম মেখে নাও, একটা আঙুল জানে
ভঙ্গুর জাতির ভেতর কী করে
প্রোথিত করে দিতে হয় দৃঢ় প্রত্যয়।
জীবনের বাঁক জানে
অবারিত একাকিত্ব নিয়ে নিশ্চুপ।

Rawshan Rubi

Turn

You don't talk about it.
Sailor boy erased his footprint,
Pig and dog cubs
Laughing, burnt shy sun
In the tent.
You got down on the fine canvas
By touching the arm of the slippery path
Pick up to apply the cream
On the floor line by line, one finger knows
How firm conviction is to be rooted
In fragile nation.
He knows the turning point of life
Silent with unbridled loneliness.

রিপন মাহমুদ

সোঁনার মানুষ গুলি

মানব আকৃতি লক্ষ কোটি আছে ধরায়
তবু মানবতা আজ শূণ্যের কাঠগড়ায়।
ব্যাঘ্র শাবক বাড়িয়া ওঠে
করে যুদ্ধ হিংস্রতায়
মানব জন্ম সরলতায়
বেড়ে উঠে দাঁড়ায়, সর্বোচ্চ নির্মমতায়।
কথার বুলি ফুল ঝুড়ি
কমল মোলায়েম হাওয়াই মিঠাই
পড়ে ক্লেশে অট্টহাসে তৃপ্তি মিটাই,
মানবের সেই মানবতা আজ
হাওয়ায় হাওয়ায় বিলুপ্ত প্রায়।

Ripon Mahmud

Golden people

There are millions of
Human shapes in the world
Yet humanity is zero today.
Tiger cubs grow up
Fights in violence
Human birth is in simplicity
Grew up, with the utmost cruelty.
Speech of word flower of basket
Soft sweetmeat
Satisfaction with a loud smile
After suffering,
That humanity of human today
Almost extinct in the air in the air.

<u>সাবিলা রওশন</u>
তুমি ভিজতে ভালোবাসো

অনেক দিন দেখা নেই,
হয়ত সময়ের সাথে শুন্যতারও বাড়বে বয়স,
চলার পথে কিংবা পথের ভুলে দেখা হবে নিশ্চয়ই।
রোজ এক চাপা ক্ষোভে ঝরে পড়ে
ভালবাসাময় অতীত চৈত্র,
তোমারও কি কষ্ট হয় ?
আমার মতো কাঁপে তোমার মন,
ঝিঁঝিঁ ডাকা মধ্যরাতে
তুমিও কি জেগে থাকো নির্বাক জীবনের দিকে।
অনেকদিন কথা না হওয়া
কি এক অদ্‌ভুত এড়িয়ে চলা আমাদের জীবন,
তাই না!
হঠাৎ কোনো জনারণ্যে,
মধ্য দুপুরের সোনা রোদে বিকেল করছে খেলা,
তখন তুমি এক রঙ্গা নীল পাড়ের
শাড়ির আঁচলের ভাঁজে দিলে উঁকি।
মনে হলো যেভাবে বেঁধে দিয়েছ
সেভাবেই গেঁথে আছে বহুরাত্রির জলেভাসা স্মৃতিতে।
তুমি বৃষ্টি দেখ,
আমি কান্নার শব্দ পাই!
তুমি ভিজতে ভালোবাসো,
আমি ঘোমটা টেনে আড়ালে লুকাই!

<u>Sabila Rawshan</u>

You love to get wet

Not seen for a long time,
Age of vacuum also may be
Increased with time,
Certainly meet you
On the way or forgetting the way.
Past pain with love
Falls into a suppressed anger daily,
Do you suffer too ?
At midnight with crickets call
Does your mind tremble like mine,
Do you also stay awake
Towards the silent life.
Not talking for a long time
What a strange avoidance of our lives,
Not so!
Suddenly in a public place,
Afternoon played in the
Golden sun of noon,
Then you peek into the
Folds of sari's hem have a
Color blue bank.
It felt like the way you tied it
That is how it is built
In the memory of many nights.
You see the rain
I get the sound of crying!
You love to get wet
I pull the veil and hide!

<u>শাহানা মাহবুব</u>

পথ

বিছানো রয়েছে পথ বহুদূর অবধি সর্পিল
পাহাড়ের ঢাল বেয়ে গিয়েছে যে নদী
তারই কোলঘেঁষে – প্রকৃতি ও মানবনিবাস
গেছে বহুদূর অজানায় –
তারপর নদী ও পাহাড়ের কোল তাকে
স্বপ্নের মতো করে নিয়েছে জড়িয়ে
বহুদূর মেঘের ওপারে;
আমরাও হেঁটেছি কত জীবনের অনিকেত পথ
হারিয়েছে সেই দিন জ্যোৎস্নার মিথ্যে কুহকে!
শৈশবের আলপথে হেঁটে হেঁটে কেটে গেছে
যেই রঙধনু দিন – ছিল বকুলবিছানো পথ,
তারপর আরো বহুদূর বন
জীবনজুড়েই ছিল আঁকাবাঁকা কত পথ
কত দিক – আলো ও মেঘের মতোই
তার গায়ে লেখাজোখা ছিল কত কী যে!
সেইসব স্মৃতিময় ফিনফিনে দিন
আলো ও মেঘের ছায়ায় ছিল লেখা –
আজ তারা গিয়েছে কোথায় কোন মেঘের ওপারে!

Shahana Mahbub

Path

The path is spiral for
A long distance
The river that flows down the
Slope of the mountain
In his lap - Nature and
Human habitation
Has gone unknown -
Then the river and the
Mountains embraced him
Embraced like a dream
Far beyond the clouds;
We have walked how homeless
Path of the life
Lost that day of false moonlit !
Has been passed by walking
On the way of childhood
The day of the rainbow -
The path that was paved,
Then more distant of forests
There were how many twists
And turns in life
How many directions –
Like light and cloud
How much was written on it !
Such that memorable day
Was written in the shadow of
Light and cloud -
These have been gone to the
Unknown cloud today !

শামস ই ইলাহি

এই বোবা রাতে তবু মধুময়
ভাষা দিলে একই সাথে
কত কথা বলে যাই,
কত মেঠো ফুল তুলে এনে
মালা টি সাজাই।
এখনই ডেকোনা বিধাতা।
এখনও হয়নি ভোর।
ডাকেনি ভোরের পাখী,
জাগেনি কিষাণ বধূ,
পাতা ঝরা আঙ্গিনাতে।
স্বাগত জানাতে এক নুতন সূর্যকে।
এখনি ডেকোনা বিধাতা।

<u>Shams E Elahi</u>

Even it is honey in this silent night
How many words I talk
If you give me speech at the same time
How many sweet flowers
Decorate the garland
Picking up how many sweet flowers.
Please don't call now, Creator.
It's not dawn yet.
The morning bird did not call,
Farmer bride did not wake up,
On the leafy yard.
To welcome a new dawn.
Please don't call now, Creator.

সৈয়দ আহসান কবীর

লাশ হতে কতো বাকি
অক্সিজেনহীন সমাজকফিন, কফিনের দেয়াল,
দেয়ালের রঙ-সবই আলোহীন, গন্ধবিহীন
অথবা বিকট গন্ধময়
এরই মধ্যে পড়ে গড়ে ওঠা
সেকি মানুষ, নাকি মানুষের অবয়ব?
.
মুখে কথা নেই, শব্দরা নিরব, নিথর
হাত-পা, উরু
চোখ-মুখ-বুক, ধক্ ধক্ রব থেমে আছে স্তব্ধতায়।
বিবেক, আবেগ মরে গেছে আগেই- বসতি অন্ধকার
তবুও জীবন-ছায়াতলে মানুষ, নিভু বাতিঘর
সেঘরে তো আছে মানুষ! মানুষ; মানুষের চেহারা।

এই যদি হয় লাশ কাকে বলে, লাশ হতে কতো বাকি ?

Syed Ahsan Kabir

How much is left to be a corpse
Oxygen-free social coffins, coffin walls,
The color of the walls-
Everything is lightless, odorless
Or monstrous smelly
In the meantime, fall and build up
What a man, or human form?
.
No words on the face, words silent,
Frozen hands and feet, thighs
Eyes-face-chest,
Throbbing is stopped in silence.
Conscience, emotion is already
Dead-House is dark
Yet people is in the shadow of life,
Slight quenched lighthouse
There are people in this house !
People; The face of people.

If this is what the corpse is called,
How much is left to be the corpse ?

ISBN 9781879654724
978187 9654724